

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৮৩  
আগরতলা, ৪ অক্টোবর, ২০২৪

### প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২ অক্টোবর, ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকার প্রথম পাতায় প্রকাশিত ‘বাজারে পণ্য সংকট, আকাশচোয়া মূল্যবৃদ্ধি / সোনারপুরে আটকে ত্রিপুরাগামী হাজারো গাড়ি, ঘুমে রাজ্য সরকার’ এই সংবাদটি রাজ্য পরিবহন দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদটিতে মেঘালয়ের সোনারপুরে জাতীয় সড়কের খারাপ অবস্থা এবং ভূমিধসের কারণে ত্রিপুরায় আসা বিপুল সংখ্যক যানবাহন আটকে রয়েছে বলে যা উল্লেখ করা হয়েছে তা সঠিক নয় এবং বিভ্রান্তিকর। এই বিষয়ে পরিবহন দপ্তরের পক্ষ থেকে প্রকৃত তথ্য তুলে ধরে বলা হয়েছে যে, মেঘালয়ের সোনারপুরে জাতীয় সড়কের অবস্থা সবসময়ই চ্যালেঞ্জিং। বিশেষ করে বৃষ্টিজনিত পরিস্থিতিতে এই রাষ্ট্রীয় ভূমিধসের ঘটনা সমস্যার সৃষ্টি করে থাকে। তবে ভূমিধসের সাথে সাথেই যুদ্ধকালীন তৎপরতায় ওই এলাকায় ধূস পরিষ্কার করা হয়, যাতে যানবাহন চলাচলের ক্ষেত্রে সমস্যা দীর্ঘায়িত না হয়। রাষ্ট্রীয় সংবাদে উল্লিখিত সময়ের মধ্যে খারাপ অবস্থার কারণে যানবাহন চলাচলে কিছুটা বিষ্ণু ঘটলেও একেবারে হাজারো গাড়ি আটকে থাকার বিষয়টি আদৌ সত্য নয়।

পরিবহন দপ্তরের তথ্য অনুসারে, গত ২৬ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর, ২০২৪ সকাল পর্যন্ত ৪,০৩৬টি বিভিন্ন ধরনের যানবাহন রাজ্যে প্রবেশ করেছে। এর মধ্যে ফল ও সঙ্গি বোঝাই গাড়ি ২১৫টি, ডিজেল/পেট্রোল ট্যাংকার ১৭৬টি, এলপিজি বুলেটভর্টি গাড়ি ১২৬টি, ভারী পণ্য বোঝাই লরি ২,৫১৫টি এবং ছোট যানবাহন ইত্যাদি। উপরোক্ত তথ্য থেকে এটাই প্রমাণিত হয় যে, সোনারপুরে ত্রিপুরাগামী হাজারো গাড়ি আটকে থাকার সংবাদটি সঠিক নয়। ওই সময়ে যানবাহন চলাচলে আপাত কিছুটা বিষ্ণু ঘটলেও প্রকাশিত সংবাদটিতে যেভাবে গুরুতর পরিস্থিতির বর্ণনা করা হয়েছে, তা বিভ্রান্তিকর এবং উপরোক্ত তথ্য থেকেই সঠিক বিষয়টি উপলব্ধি করা যায়।

\*\*\*\*\*